

এবার প্যানেল ৪টি

ঢাকা ভার্শিটি সিনেটে
শিক্ষক প্রতিনিধি
নির্বাচন ২৯ মে

স্টাফ রিপোর্টার ঃ আগামী ২৯ মে ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে ৩৫ জন শিক্ষক প্রতিনিধি নির্বাচন। বিশ্ববিদ্যালয়ের ৯শ' ৯৭ জন শিক্ষক ভোটার সরাসরি ভোট দিয়ে এ প্রতিনিধি নির্বাচন করবেন।

এবারের নির্বাচনে মুক্তিযুদ্ধের চেতনাসম্পন্ন বাঙালী জাতীয়তাবাদে বিশ্বাসী নীল প্যানেল, বাম ও মধ্যপন্থী শিক্ষকদের গোলাপী প্যানেল এবং বাংলাদেশী জাতীয়তাবাদ ও ইসলামী মূল্যবোধে বিশ্বাসী সাদা দল বিভক্ত হয়ে দু'টি প্যানেল দিয়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে। তবে সাদা দলের জামাত সমর্থক প্যানেলটি মাত্র ৯ জন প্রার্থী দিয়েছে। জানা গেছে, প্রার্থিতা প্রত্যাহারের সুযোগ না থাকলেও দুই সাদা প্যানেলের মধ্যে একটি অলিখিত সমঝোতা হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ফোরাম সিনেটের ৮৮টি পদের মধ্যে ৩৫টি পদ পদের জন্য শিক্ষকদের মধ্যে তুমুল চেষ্টা শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয় ক্লাব, শিক্ষক লাউঞ্জ, বিভিন্ন শিক্ষকদের বাসা, অফিস সর্বত্রই চলছে নির্বাচনী প্রচার-প্রচারনাকে শনিবার থেকে নির্বাচনী প্রচার আরও জোরদারভাবে শুরু হয়েছে। কেননা শুক্রবার সব ক'টি ইউনিটের অনার্নের ভর্তি পরীক্ষা শেষ হয়েছে।

প্রতি তিনবছর পর পর সিনেটে শিক্ষক প্রতিনিধি নির্বাচন হয়ে থাকে। গত '৯৪ সালের নির্বাচনে এককভাবে কোন প্যানেল নির্বাচিত হয়নি। সবগুলো প্যানেল থেকে প্রতিনিধি নির্বাচিত হন।

এবারের নির্বাচনকে আওয়ামীপন্থী নীল দল ও বিএনপি পন্থী সাদা দল চ্যালেঞ্জ হিসাবে গ্রহণ করেছে। বর্তমানে দু'টি ছাড়া সবগুলো ডীন সাদা দলের। একটি গোলাপীর একটি নীল দলের। এ অবস্থায় শিক্ষক প্রতিনিধি নির্বাচনে জেতা নীল দলের জন্য 'প্রেক্ষিত ইস্যু'। অন্যদিকে বর্তমানে সিনেটে সাদা দলের সদস্য সংখ্যা খুব কম। ফলে বিশ্ববিদ্যালয় সিনেটে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে দলটি কোনটাসা অবস্থায় রয়েছে।